

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(বিচার শাখা)  
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৩০

জে,

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২১ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়:** দেশের প্রত্যেক জেলার জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে নির্মিত “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশের প্রায় সকল অধস্তন আদালতের এজলাসকক্ষ/বিচারকক্ষের আসন সংখ্যা সীমিত হওয়ায় বিজ্ঞ আইনজীবী ব্যতিত বিচারপ্রার্থী এবং আগত সাক্ষীদের বসার তেমন সুযোগ হয় না। ফলে বিচার কার্যক্রম শুরুর আগে ও পরে সাক্ষী ও বিচারপ্রার্থীদের আদালতের বারান্দায় বা যেখানে-সেখানে দাঁড়িয়ে ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করতে হয়। এক্ষেত্রে সবচেয়ে বেশি সমস্যার মুখোমুখি হন নারী, অসুস্থ ব্যক্তি এবং ব্রেস্টফিডিং মায়েরা। এই সমস্যা সমাধানকল্পে প্রত্যেক জেলায় পর্যাপ্ত সুযোগ-সুবিধা সংবলিত বিচারপ্রার্থী-বিশ্রামাগার স্থাপন করা হয়েছে। ইতোপূর্বে দেশের কতিপয় জেলার জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে নির্মিত “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার নির্মাণ শেষে অত্র কোর্ট হতে উদ্বোধন করা হয়েছিলো। সম্প্রতি কতিপয় জেলার জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে, কিন্তু উদ্বোধনের অপেক্ষায় তা ব্যবহার করা হচ্ছে না।

এমতাবস্থায়, দেশের যেসকল জেলার জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে, সেসকল জেলার জেলা ও দায়রা জজ কর্তৃক “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার অনানুষ্ঠানিকভাবে উদ্বোধন করতঃ দেশের প্রত্যেক জেলার জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে নির্মিত “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার বিচারপ্রার্থীদের ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, যেসকল “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়নি পরবর্তীতে আনুষ্ঠানিকভাবে Monitoring Committee for Subordinate Courts-এর দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট মাননীয় বিচারপতি মহোদয়গণ তাঁদের সুবিধাঅনুযায়ী দায়িত্বপ্রাপ্ত জেলাসমূহে “ন্যায়কুঞ্জ” নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার সরেজমিনে উপস্থিতির মাধ্যমে/ভার্চুয়ালি উদ্বোধন করবেন।

স্বাক্ষরিত

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)  
রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ  
ফোন: ০২২২৩৩৫৮৭৮০  
ইমেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১০৩৯১

জে,

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২১ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ/ মহানগর দায়রা জজ, ----- (সকল)।
- ৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ----- (সকল)।
- ৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব/ প্রধান বিচারপতির সচিব, আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা, Monitoring Committee for Subordinate Courts (সকল)।
- ৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।

(ড. মোঃ আতিকুস সামাদ)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫  
ইমেইল:judicialdr1@gmail.com